

JUDSAA Medical Fund Policy



আমাদের টাকা, আমাদের ফান্ড

JUDSAA Medical Fund



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশন
Jahangirnagar University Department of Statistics Alumni Association

March 2025



JUDSAA Medical Fund নীতিমালা (Policy)

ধারা-১ : শিরোনাম

JUDSAA Medical Fund নীতিমালা

ধারা-২ : শ্রেণ্য

আমাদের টাকা আমাদের ফান্ড, JUDSAA Medical Fund

ধারা-৩ : লক্ষ্য ও উদ্দেশ্য

- (ক) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান বিভাগ এর সকল অ্যাপ্রোভাই, বর্তমান শিক্ষার্থী, শিক্ষক মডেলী ও তাঁদের পরিবারবর্গকে প্রয়োজনীয় চিকিৎসা সহায়তা প্রদান করার মহৎ উদ্দেশ্যে সকলের মিলিত সহযোগিতায় 'JUDSAA Medical Fund' নামে একটি তহবিল গঠন করা হবে।
- (খ) এই নীতিমালার প্রধান উদ্দেশ্য 'JUDSAA Medical Fund' নামক তহবিল গঠন এবং এর সুষ্ঠু ব্যবস্থাপনা, ব্যবহার ও পর্যবেক্ষণের জন্য নির্দেশিকা প্রণয়ন করা। 'JUDSAA Medical Fund' এই নীতিমালার আলোকে পরিচালিত হবে।
- (গ) 'JUDSAA Medical Fund' অ্যাসোসিয়েশনের CSR কার্যক্রমের অংশ হিসেবে বিবেচিত হবে।

ধারা-৪ : উপকারভোগী

- (ক) প্রথম ধাপে, JUDSAA এর সকল আজীবন ও সাধারণ সদস্যবৃন্দ।
- (খ) দ্বিতীয় ধাপে, JUDSAA এর সকল আজীবন ও সাধারণ সদস্যবৃন্দের পরিবারবর্গ (একত্রে স্পাউজ, ছেলে-মেয়ে অগ্রাধিকার পাবে)।
- (গ) পর্যায়ক্রমে, পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান বিভাগ এর সকল অ্যাপ্রোভাই, শিক্ষার্থী, শিক্ষক মডেলী।
- (ঘ) পরবর্তীতে, পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান বিভাগ এর সকল অ্যাপ্রোভাই, শিক্ষার্থী, শিক্ষক মডেলী ও তাঁদের পরিবারবর্গ (একত্রে স্পাউজ, ছেলে-মেয়ে অগ্রাধিকার পাবে)।

ধারা-৫ : তহবিলের উৎস

- (ক) JUDSAA এর সকল আত্মীয় ও সাধারণ সদস্যবৃন্দের প্রদেয় চাঁদা ও অর্থসাহায্য।
- (খ) অধ্যাপনাইদের নিজস্ব উদ্যোগে প্রদেয় অর্থসাহায্য (Personal Contribution of Alumnae)
- (গ) দেশী-বিদেশী ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুদান (Others Personal or Institutional Donation)
- (ঘ) JUDSAA কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের জন্য সংগ্রহকৃত তহবিলের উদ্ধৃত অংশের ৫%-১০% অর্থ অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে 'JUDSAA Medical Fund' -এর তহবিল বৃদ্ধিতে সহায়তা করতে পারে।

ধারা-৬ : 'JUDSAA Medical Fund' ব্যবস্থাপনা কমিটি

- (ক) 'JUDSAA Medical Fund' -এর তহবিল সংগ্রহ এবং এর সকল প্রকার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ 'JUDSAA Medical Fund ব্যবস্থাপনা কমিটি' নামে একটি কমিটি গঠন করবে।
- (খ) কার্যনির্বাহী পরিষদের সক্রিয় সদস্যদের মধ্যে থেকে একজন সদস্যকে আহ্বায়ক করে প্রয়োজনীয় সংখ্যক সদস্য নিয়ে এ কমিটি গঠন করতে হবে। এই কমিটির অন্যতম দায়িত্ব 'JUDSAA Medical Fund' -এর তহবিল সংগ্রহ করা এবং এর সকল প্রকার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা।
- (গ) ব্যবস্থাপনা কমিটি সকল কার্যক্রমের জন্য অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের নিকট দায়বদ্ধ থাকবে। ব্যবস্থাপনা কমিটি সকল কার্যক্রম সম্পর্কে কার্যনির্বাহী পরিষদকে অবহিত করবে এবং ফান্ড ব্যবহারের পূর্বে কার্যনির্বাহী পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক এর নিকট হতে লিখিত অনুমোদন নিবে।
- (ঘ) JUDSAA Medical Fund ব্যবস্থাপনা কমিটির মেয়াদকাল হবে মূল কমিটির অনুরূপ।

ধারা-৭ : ব্যাংক হিসাব পরিচালনা

- (ক) অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের অনুমোদনক্রমে, 'JUDSAA Medical Fund' এর তহবিল পরিচালনার জন্য বাংলাদেশে পরিচালিত তফসিল ব্যাংকে 'JUDSAA Medical Fund' -শিরোনামে একটি ব্যাংক হিসাব খোলা হবে। 'JUDSAA Medical Fund' এর যাবতীয় লেনদেন এই ব্যাংক হিসাব এর মাধ্যমে পরিচালিত হবে।
- (খ) এই ব্যাংক হিসাব অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাদক্ষের মধ্যে যে কোনো দুই জনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।
- (গ) 'JUDSAA Medical Fund' তথা অ্যাসোসিয়েশনের স্বার্থে কার্যনির্বাহী পরিষদের অনুমতিক্রমে প্রয়োজন হলে তহবিলের উদ্ধৃত অর্থ সরকারি চিকিৎসার, স্বাস্থ্যসেবা অথবা বাংলাদেশে পরিচালিত যে কোন তফসিল ব্যাংকের লাভ জনক কোন স্কিম ডিপজিট হিসাবে বিনিয়োগ করা যাবে।

ধারা-৮ : হিসাব নিরীক্ষা

- (ক) 'JUDSAA Medical Fund ব্যবস্থাপনা কমিটির' পক্ষে আহবায়ক নিরীক্ষিত হিসাব বাৎসরিক ভিত্তিতে অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সভায় উপস্থাপন করবেন।
- (খ) পরবর্তীতে কার্যনির্বাহী পরিষদের পক্ষে কোষাধ্যক্ষ নিরীক্ষিত হিসাব প্রতিবেদন অনুমোদনের জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করবেন।

ধারা-৯ : অর্থসাহায্য প্রদানের মানদণ্ড

- (ক) ধারা-৭(গ) অনুযায়ী 'JUDSAA Medical Fund'-এর মূল তহবিল বিনিয়োগ এর মাধ্যমে প্রতি বছর ব্যাংক মুনাফা থেকে প্রাপ্ত অর্থ, বাৎসরিক বাজেটের ভিত্তিতে আবেদনকারীকে/আবেদনকারীগণকে চিকিৎসা সহায়তা বাবদ এককালীন প্রদান করা হবে।
- (খ) কোন আবেদনকারী যদি চিকিৎসা ব্যয় বহনের জন্য ঋণ মেয়াদের জন্য 'JUDSAA Medical Fund'-এর মূল তহবিল থেকে অর্থসাহায্যের জন্য আবেদন করেন, তাহলে অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে ঋণ মেয়াদের জন্য বিনা সুদে তাঁকে অর্থ দেওয়া যাবে যা নির্দিষ্ট সময়ের মধ্যে ফেরত যোগ্য।
- (গ) অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে JUDSAA Medical Fund ব্যবস্থাপনা কমিটি, 'JUDSAA Medical Fund'-এর তহবিলের সক্ষমতা বিবেচনা করে প্রত্যেক বছরের শুরুতে ঐ বছরের জন্য বাজেট ঠিক করবে। ঐ বছরের বাজেট অনুযায়ী চিকিৎসা সহায়তা প্রদান করা হবে।
- (ঘ) প্রতি বছরের বাজেট তার পূর্ববর্তী বছরের শেষার্ধ্ব পর্যন্ত অবশিষ্ট মোট তহবিলের ৭৫% এর বেশি হবে না।
- (ঙ) একজন আবেদনকারীকে তাঁর অসুস্থতার গুরুত্ব ও তাঁর আর্থিক সক্ষমতা বিবেচনা করে পূর্বনির্ধারিত বাজেটের সর্বোচ্চ ৫০% পর্যন্ত চিকিৎসা সহায়তা জন্য অর্থসাহায্য প্রদান করা যাবে।

ধারা-১০ : আবেদনকারীর যোগ্যতার মানদণ্ড

- (ক) JUDSAA-এর সকল আজীবন ও সাধারণ সদস্যবৃন্দ, পর্যায়ক্রমে পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান বিভাগ এর সকল অ্যাপারমাই, বর্তমান শিক্ষার্থী, শিক্ষক মডেলী ও তাঁদের পরিবারবর্গের সদস্যবৃন্দ (স্পাউজ, ছেলে-মেয়ে) আবেদনকারী হিসেবে বিবেচিত হবেন একে শুধুমাত্র তাঁরাই আবেদন করার যোগ্যতা রাখবেন।
- (খ) আবেদনকারীকে অবশ্যই 'JUDSAA Medical Fund'-এর তহবিলে নিয়মিত দাতা হতে হবে।
- (গ) আবেদনকারী যদি ক্যান্সার, স্ট্রোক, হৃদরোগ, লিভার সিরোসিস, কিডনি জনিত রোগ অথবা অন্য কোন ধরনের দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয় তাহলে তিনি আবেদন করতে পারবেন।

- (খ) অসুস্থতার কারণে আবেদনকারীর যদি জটিল কোন ধরনের অপারেশনের প্রয়োজন হয়, তাহলে তিনি আবেদন করতে পারবেন।
- (ঙ) দুর্ঘটনাজনিত কারণে আবেদনকারী যদি শারীরিকভাবে বড়ধরনের ক্ষতিগ্রস্ত হয়, তাহলে তিনি আবেদন করতে পারবেন।
- (চ) চিকিৎসার সমুদয় ব্যয় যদি আবেদনকারীর আর্থিক সক্ষমতার বাইরে হয় এবং আবেদনকারী যদি অন্য কোন উৎস থেকে কোন ভাবেই চিকিৎসার সমুদয় ব্যয় বহন করতে সক্ষম না হয়, তাহলে তিনি আবেদন করতে পারবেন।

ধারা-১১ : আবেদন পদ্ধতি

- (ক) চিকিৎসা সহায়তা প্রাপ্তির জন্য, ধারা-৪ এ উল্লেখিত উপকারভোগীগণ অথবা তাঁর পরিবারবর্গকে অবশ্যই অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সভাপতি বরাবর আবেদন করতে হবে।
- (খ) আবেদন পত্রের সাথে সংশ্লিষ্ট ডাক্তার এর পরামর্শপত্র, সংশ্লিষ্ট মেডিকেল রিপোর্ট ও প্রয়োজনীয় নথিপত্র সংযুক্ত করতে হবে।
- (গ) পরিসংখ্যান ও উপাত্ত বিভাগের বর্তমান শিক্ষার্থী, শিক্ষকমণ্ডলি ও তাঁদের পরিবারবর্গের ক্ষেত্রে আবেদন পত্রের সাথে বিভাগের সম্বন্ধীত চেয়ারম্যান কর্তৃক সুপারিশপত্র সংযুক্ত করতে হবে।

ধারা-১২ : অনুমোদন পদ্ধতি

- (ক) ধারা-৪ এ উল্লেখিত উপকারভোগীগণ অথবা তাঁর পরিবারবর্গের কাছ থেকে পূর্ণাঙ্গ আবেদনপত্র (ধারা-১১ এর উল্লেখিত সংযুক্তি) পাওয়ার পর অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সভাপতি আবেদনপত্রটি 'JUDSAA Medical Fund' ব্যবস্থাপনা কমিটির আহবায়ক বরাবর প্রেরণ করবেন।
- (খ) কার্যনির্বাহী পরিষদের সভাপতির কাছ থেকে আবেদনপত্রটি প্রাপ্তির পর 'JUDSAA Medical Fund' ব্যবস্থাপনা কমিটির আহবায়ক কমিটির অন্যান্য সদস্যের সহায়তায় আবেদনপত্রটি যাচাই করবেন এবং সভাপতি ও সাধারণ সম্পাদককে অবহিত করবেন।
- (গ) আবেদনকারীর চিকিৎসা ব্যয়ের সামর্থ্য ও চিকিৎসার জরুরি বিবেচনা করে 'কার্যনির্বাহী পরিষদ' এর সিদ্ধান্তের ভিত্তিতে আবেদনপত্রটি অনুমোদন করা হবে।
- (ঘ) 'কার্যনির্বাহী পরিষদ' কর্তৃক অনুমোদনের পর আবেদনকারীকে দ্রুততম সময় (৭-১০ দিন) এর মধ্যে চিকিৎসা সহায়তা প্রদান করা হবে এবং উল্লেখিত কমিটির পক্ষ থেকে একটি টিম দ্বারা গিয়ে অথবা ব্যাংক একাউন্টে স্থানান্তরের মাধ্যমে উপকারভোগীর কাছে চিকিৎসা সহায়তা পৌঁছে দিবে।
- (ঙ) আবেদনকারী যদি 'JUDSAA Medical Fund' ব্যবস্থাপনা কমিটির কোন সদস্য হন, তবে তিনি ঐ নির্দিষ্ট আবেদনপত্র অনুমোদন প্রক্রিয়ার সাথে কোন ভাবে সম্পৃক্ত থাকতে পারবেন না।

ধারা-১৩ : 'JUDSAA Medical Fund' ব্যবস্থাপনা কমিটি' পুনর্গঠন

- (ক) অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে 'JUDSAA Medical Fund' ব্যবস্থাপনা কমিটির' পুনর্গঠন করা হবে। তবে প্রয়োজনে কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে কমিটি যে কোন সময় পুনর্গঠন করা যাবে।
- (খ) উপরোক্ত পরিস্থিতিতে, কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে যে কোন সদস্যকে নতুন করে নিয়োগ করা যাবে অথবা আলোচ্য সদস্যপদ শূন্য রেখে কমিটির কার্যক্রম পরিচালিত হতে পারে।
- (গ) কমিটি পুনর্গঠন এর ব্যাপারে অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত।

ধারা-১৪ : নীতিমালার সংশোধনী

- (ক) অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ প্রয়োজন মনে করলে, যে কোন সময় এই নীতিমালার যে কোন ধারা সংযোজন বা বিয়োজন করতে পারবে।
- (খ) প্রয়োজন হলে অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে যে কোন সময় এই নীতিমালা পুনরায় সংশোধন করা যাবে।

ধারা-১৫ : 'JUDSAA Medical Fund' বিলুপ্তি

- (ক) অ্যাসোসিয়েশনের দুই-তৃতীয়াংশ সদস্য যদি 'JUDSAA Medical Fund' বিলুপ্তির কথা চিন্তা করে তাহলে তাঁরা তাদের স্বাক্ষর সম্বলিত একটি আবেদনপত্র অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সভাপতির নিকট জমা দিবেন। আবেদনপত্র পাওয়ার পর সভাপতি কার্যনির্বাহী পরিষদের সভা আহ্বান করবেন এবং এ বিষয়ে কার্যনির্বাহী পরিষদের অনুমোদন নিবেন। পরবর্তীতে বার্ষিক সাধারণ সভায় বিষয়টি উপস্থাপন করা হবে এবং সাধারণ সভার অনুমোদন সাপেক্ষে 'JUDSAA Medical Fund' বিলুপ্ত করা হবে।
- (খ) 'JUDSAA Medical Fund' বিলুপ্ত হলে, বার্ষিক সাধারণ সভার অনুমোদন সাপেক্ষে এই তহবিলের সমুদয় অর্থ অ্যাসোসিয়েশনের CSR তহবিলে স্থানান্তর করা হবে এবং 'JUDSAA Medical Fund' এর নামে পরিচালিত ব্যাংক হিসাব বন্ধ করে দেওয়া হবে।

ধারা-১৫ : বিবিধ

- (ক) 'JUDSAA Medical Fund' এর নিয়মিত দাতা ব্যতিরেকে অন্য ব্যক্তি (JUDSAA-এর আজীবন ও সাধারণ সদস্য; পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান বিভাগ এর অ্যাম্বাসাদর, শিক্ষার্থী, শিক্ষক মডেলী) যদি চিকিৎসা সহায়তার জন্য JUDSAA বরাবর আবেদন করেন, তাহলে অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে সকলের সহযোগিতায় আলাদা তহবিল সংগ্রহ করে তাঁকে চিকিৎসা সহায়তার প্রদান কার হবে। 'JUDSAA Medical Fund' থেকে তাঁকে কোন প্রকার সহযোগিতা প্রদান করা হবে না।

(খ) 'JUDSAA Medical Fund' এর নিয়মিত দাতা যদি JUDSAA এর সদস্য পদ বাতিল করতে চান এবং পাশাপাশি 'JUDSAA Medical Fund' -এ প্রদেয় উনার অর্থসাহায্য ফেরত চান, তাহলে অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে তাঁর প্রদেয় মূলঅর্থ ফেরত দেওয়ার ব্যবস্থা করা হবে।

===== *** =====